# U.G. 6th Semester Examination 2022 BENGALI (General)

Paper Code: BNGG-DSE - 2A/2B

Full Marks: 32 Time: Two Hours

The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.

যে কোনও **একটি** গুচ্ছের সব প্রশ্নের উত্তর দাও।

গুচ্ছ - ক

# (উনিশ ও বিশ শতকের কবিতা)

### বিভাগ - অ

১। 'কাশীরাম দাস' সনেটে মাইকেল মধুসূদন দত্ত কাশীরাম দাসের কবি-প্রতিভার যে মূল্যায়ন করেছেন, তা নিজের ভাষায় লেখো।

#### অথবা

'কপোতাক্ষ নদ' মধুসূদনের বঙ্গপ্রীতির উজ্জ্বল প্রকাশ — কবিতা অবলম্বনে আলোচনা করো।

২। সনেটের সংজ্ঞা দিয়ে তোমার পাঠ্য মধুসূদন দত্তের 'বঙ্গভাষা' কবিতাটি সনেট হিসেবে কতখানি সার্থক হয়েছে লেখো।

#### অথবা

'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' কবিতায় মাইকেল মধুসূদন দত্তের বিদ্যাসাগরের প্রতি যে শ্রদ্ধার মনোভাব ব্যক্ত হয়েছে, তার পরিচয় দাও।

# বিভাগ - আ

৩। 'একুশে আইন' কবিতায় তীর্থকোক্তিতে কবির কোন্ বিশেষ ভাবনার প্রকাশ ঘটেছে, আলোচনা করে দেখাও। ৮০

#### অথবা

'প্রিয়তমাসু' কবিতাটি এক সৈনিকের আত্মকথন। — এই আত্মকথনে তার যে মনোভঙ্গির প্রকাশ ঘটেছে, তা কবিতা অবলম্বনে বুঝিয়ে লেখো।

[P.T.O.]

৪। "আমার জন্মভূমি,/আমি অনেক দিন তাঁকে দেখি না" — কবির এই মন্তব্যের কারণ কী? 'জননী জন্মভূমিশ্চ' কবিতা অনুসরণে বিষয়টি পরিস্ফুট করো।

#### অথবা

"শুধু কবিতার জন্য, আরো দীর্ঘদিন বেঁচে থাকতে লোভ হয়" — উদ্ধৃতাংশে প্রতিফলিত কবির এই মনোভাবের বিশেষত্ব আলোচনা করো।

\_\_\_\_

#### গুচ্ছ - খ

# (কাব্য ও নাটক)

# বিভাগ - অ

১। নবীনচন্দ্র সেনের 'রৈবতক' সাহিত্যিক মহাকাব্য হিসেবে কতখানি সার্থক হয়েছে, যুক্তিসহ লেখো।

#### অথবা

'রৈবতক'-এ মহাভারতের কোন্ চরিত্র উজ্জ্বল রূপে পরিস্ফুট হয়েছে? — সেই চরিত্র পরিকল্পনায় কবির কৃতিত্বের পরিচয় দাও।

২। 'রৈবতক' শব্দের অর্থ কী? এই কাব্যে কোন্ রস মুখ্য হয়ে উঠেছে, — আলোচনা করে দেখাও। ৮

#### অথবা

'রৈবতক'-এ উপকাহিনি সংযোজনের প্রয়োজনীয়তা বিচার করো।

# বিভাগ - আ

৩। 'বাস্তুভিটা' নাটকের নামকরণে বাস্তুভিটা এবং জন্মস্থানের প্রতি নাট্যকারের ভালোবাসা আভাসিত হয়েছে

— মন্তব্যটি বিশদ করো।

# অথবা

'বাস্তুভিটা' নাটকের রাজনৈতিক প্রেক্ষাপটটি উল্লেখ করো এবং এই প্রেক্ষাপট নাটকে কীরকম প্রাসঙ্গিকতায় ব্যবহৃত হয়েছে, লেখো।

৪। 'বাস্তুভিটা' নাটকের নারী চরিত্র চিত্রণে নাট্যকারের নৈপুণ্যের পরিচয় দাও।

#### অথবা

'বাস্তুভিটা' নাটকের বিষয়-ভাবনায় যে যন্ত্রণাময় জীবনের ছবি মুদ্রিত, তা বিশ্লেষণ করে দেখাও।